BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/২৫৫ তারিখঃ ০৫/১১/২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ সাট-আউটের আবেদন নিষ্পত্তিকরণ ও এর সংশ্লেষে বিল অব এক্সপোর্ট বাতিলের বিষয়ে করণীয় প্রসঙ্গে।**

**সূত্রঃ** (ক) কাস্টম হাউস, চট্টগ্রামের অফিস আদেশ নং ৫২/বিবিধ/পলিসি/রপ্তানি/২০২০-২০২১/৩৯৭৬৪(কাস), তারিখ: ০২/১১/২০২৩।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পণ্য রপ্তানির নিমিত্তে বিল অব এক্সপোর্ট দাখিল ও অফডকে পণ্য প্রবেশের পর তা সংশোধনী সাপেক্ষে ভিন্ন অফডকের মাধ্যমে একই বা ভিন্ন কোন কাস্টম হাউসের মাধ্যমে রপ্তানির জন্য সাট-আউটের আবেদন নিষ্পত্তি ও এর সংশ্লেষে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে বিল অব এক্সপোর্ট বাতিলের ক্ষেত্রে করণীয় সম্পর্কে বিস্তারিত উল্লেখপূর্বক কাস্টম হাউস, চট্টগ্রাম সূত্রোক্ত অফিস আদেশ জারী করেছে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে কাস্টম হাউস, চট্টগ্রামের সূত্রোক্ত অফিস আদেশটি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

০৫/১১/২০২৩

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব


BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

"উন্নয়নের অক্সিজেন রাজস্ব" গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার "জনকল্যাণে রাজস্ব"

কাস্টম হাউস, চট্টগ্রাম।

Website: www.chc.gov.bd, E-mail: customhousectg@nbr.gov.bd

নথি নং-৫২/বিবিধ/পলিসি/রপ্তানি/২০২০-২০২১ তারিখ: /১১/২০২৩ খ্রি.

02 NOV 2023

# অফিস আদেশ

বিষয়ঃ সাট-আউট এর আবেদন নিষ্পত্তিকরণ ও এর সংশ্লেষে বিল অব এক্সপোর্ট বাতিলের বিষয়ে করণীয়।

কতিপয় রপ্তানিকারক কর্তৃক পণ্য রপ্তানির নিমিত্ত বিল অব এক্সপোর্ট দাখিল ও অফডকে পণ্য প্রবেশের পর তা সংশোধনী সাপেক্ষে ভিন্ন অফডকের মাধ্যমে একই বা ভিন্ন কোন কাস্টম হাউসের মাধ্যমে রপ্তানির প্রয়োজনীয়তা দেখা দেয়। এরূপ ক্ষেত্রে রপ্তানিকারক বা রপ্তানিকারকের পক্ষে সিএন্ডএফ এজেন্ট পণ্য সাট-অউটের আবেদন করে থাকেন। এতদসংশ্লিষ্ট সাট-আউট এর আবেদন নিষ্পত্তি ও এর সংশ্লেষে ASYCUDA World System এ বিল অব এক্সপোর্ট বাতিলের প্রয়োজনীয়তা দেখা দিলে অযথা বিলম্ব পরিহারকল্পে তা নিম্নরূপে ব্যবস্থিতকরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো; যথা :-

(ক) সাট-আউট এর আবেদন নিষ্পত্তি:

১. সাট-আউট এর আবেদন ও আবেদনের সাথে দাখিলকৃত দলিলাদি যেমন বিল অব এক্সপোর্ট, ইনভয়েস, প্যাকিং লিস্ট, ইএক্সপি, আমদানিকারকের Correspondence, অঙ্গীকারনামা, অফডকের প্রত্যয়ন ইত্যাদি প্রাপ্তি সাপেক্ষে একই বা পরবর্তী কার্যদিবসে শাখা সহকারী নথি খুলে অফডকে দায়িত্বরত সহকারী রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তার নিকট উপস্থাপন করবেন;

২. সহকারী রাজস্ব কর্মকর্তা উক্ত আবেদন নিষ্পত্তির লক্ষ্যে দাখিলকৃত দলিলাদি পর্যালোচনা ও যাচাইপূর্বক পণ্যটি উক্ত অফডকে রক্ষিত আছে কিনা তা সরেজমিনে কায়িক পরীক্ষাপূর্বক নিশ্চিত হওয়া সাপেক্ষে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে মতামতসহ নথি উর্ধ্বতন কর্মকর্তা বরাবর উপস্থাপন করবেন। রাজস্ব কর্মকর্তা উক্ত মতামত/প্রস্তাবের যথার্থতা পর্যালোচনাপূর্বক পরবর্তী ০২ (দুই) কার্যদিবসের মধ্যে নথিটি দায়িত্বপ্রাপ্ত ডেপুটি/সহকারী কমিশনার বরাবর অগ্রায়ন করবেন। ডেপুটি/সহকারী কমিশনার সাট-আউট অনুমোদন করবেন এবং সংশ্লিষ্ট দপ্তরসমূহকে পত্র মারফত অবহিত করবেন।

(খ) সাট-আউট এর সংশ্লেষে বিল অব এক্সপোর্ট বাতিলকরণ:

১. সাট-আউট পরবর্তীতে এর সংশ্লেষে বিল অব এক্সপোর্ট বাতিলের আবেদন প্রাপ্তির পর দায়িত্বরত শাখা সহকারী সাট-আউট সংশ্লিষ্ট নথিতে একই বা পরবর্তী কার্যদিবসে অফডকে দায়িত্বরত সহকারী রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তার নিকট উপস্থাপন করবেন;

২. সহকারী রাজস্ব কর্মকর্তা বিল অব এক্সপোর্ট বাতিলের আবেদন নিষ্পত্তির লক্ষ্যে একই বা ভিন্ন কাস্টম হাউসের মাধ্যমে রপ্তানিকৃত পণ্য সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্ট, ইনভয়েস, প্যাকিং লিস্ট, ইএক্সপি, পাশবুক, পিআরসি, লিয়েন ব্যাংকের অনাপত্তি, বন্ড কমিশনারেট এর প্রত্যয়ন পত্র, অফডক এর প্রত্যয়ন পত্র/ইত্যাদি প্রযোজ্য ক্ষেত্রসমূহ যাচাই করবেন। উল্লেখ্য, একই কাস্টম হাউস এর মাধ্যমে বিল অব এক্সপোর্ট সংশোধনপূর্বক রপ্তানির সুযোগ থাকলে পুনরায় বিল অব এক্সপোর্ট দাখিল করা যাবে না, যা এই আদেশ জারির সময় হতে কার্যকর হবে;

৩. যাচাইকালে ভিন্ন দপ্তর বরাবর পত্র প্রেরণের প্রয়োজনীয়তা অনুভূত হলে নথি উপস্থাপনের ২ (দুই) কার্যদিবসের মধ্যে তা একযোগে প্রেরণ সম্পন্ন করতে হবে;

৪. দাখিলকৃত তথ্য/দলিলাদি যাচাইপূর্বক সংশ্লিষ্ট সহকারী রাজস্ব কর্মকর্তা উক্ত বিল অব এক্সপোর্ট বাতিলের প্রস্তাবসহ নথি রাজস্ব কর্মকর্তার নিকট উপস্থাপন করবেন;

চলমান পাতা-০২

৫. নথি প্রাপ্তির পরবর্তী ০২ কার্যদিবসের মধ্যে প্রস্তাব পর্যালোচনাপূর্বক রাজস্ব কর্মকর্তা দায়িত্বরত ডেপুটি/সহকারী কমিশনার বরাবর নথি অগ্রায়ন করবেন। ডেপুটি/সহকারী কমিশনার তা অনুমোদনপূর্বক ASYCUDA World System এ সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্ট-টি বাতিল করবেন এবং সংশ্লিষ্ট দপ্তরসমূহকে পত্র মারফত অবহিত করবেন।

২। অফিস আদেশ নং-৪৩, তারিখ : ২৫/০৯/২০০১ খ্রি. এর অনুচ্ছেদ (চ) এর অনুবৃত্তিক্রমে এ আদেশ জারি করা হলো এবং ০১/১১/২০২৩ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ তফছির উদ্দিন ভূঁঞা)
অতিরিক্ত কমিশনার
কমিশনারের পক্ষে

নথি নং-৫২/বিবিধ/পলিসি/রপ্তানি/২০২০-২০২১/৬৭৭৬৪ ( ) কাস্ট. তারিখ: /১১/২০২৩ খ্রি.
02 NOV 2023

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। এডিশনাল কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।
২। জয়েন্ট কমিশনার- ১/২/৩/৪, কাস্টম হাউস, চট্টগ্রাম।
৩। ডেপুটি কমিশনার/সহকারী কমিশনার (অফডক সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৪। রাজস্ব কর্মকর্তা (অফডক সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৫। সহকারী রাজস্ব কর্মকর্তা (অফডক সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৬। প্রেসিডেন্ট, বিজিএমইএ, হাউস# ৭/৭ এ, সেক্টর # ১৭, ব্লক# এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০।
৭। প্রথম সহ-সভাপতি, বিজিএমইএ, বিজিএমএ ভবন (লেভেল-৪ ও ৫), ৬৬৯/ই, জাউতলা রোড, সাউথ খুলশী, চট্টগ্রাম।
৮। প্রেসিডেন্ট, বিকেএমইএ, ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।
৯। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন (বিকডা), চট্টগ্রাম।
১০। প্রেসিডেন্ট, চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার (১৩ তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১১। প্রেসিডেন্ট, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, ১০৭ প্রগতি হাউস, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১২। ম্যানেজার (অপারেশনস), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
১৩। বাংলাদেশ ষ্টিমার এজেন্টস এসোসিয়েশন, ফিনলে হাউস, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১৪। সভাপতি/সাধারন সম্পাদক, সিএন্ডএফ কর্মচারী এসোসিয়েশন, চট্টগ্রাম।
১৫। অফিস সুপার (যোগাযোগ শাখা), কাস্টম হাউস, চট্টগ্রাম। [নোটিশ বোর্ডে টানানোসহ যথাযথ বিলিবন্টনের জন্য]

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১৬। সদস্য (কাস্টমস: রপ্তানি ও বন্ড) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৭। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম।
১৯। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
২০। পরিচালক, পরিদর্শন ও প্রশিক্ষণ (শুল্ক ও আবগারী), ৯০/বি, নিউ ইস্কাটন রোড, ঢাকা।
২১। পরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, হাউস নং-বি-১৩২, লেইন নং-২১৪, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা।
২২। ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা।
২৩। সভাপতি, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, চট্টগ্রাম।
২৪। অফিস কপি।

০১/১১/২৩
(মোঃ জয়নাল আবেদীন)
সহকারী কমিশনার (চঃ দাঃ)